দৈনিক ইত্তেফাক

তারিখ 17 JUL 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬
৫৭
43

অস্থায়ী প্রেসিডেন্টের সহিত বৈঠক

# চট্টগ্রাম ভার্সিটির শিক্ষকরা আজ হইতে ক্লাশ নিবেন

বাসস জানায়, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের ১৯ সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল (মঙ্গলবার) অস্থায়ী প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদের সঙ্গে সাক্ষাৎ করেন।

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## শিক্ষকরা

(১ম পৃঃ পর)

অস্থায়ী প্রেসিডেন্ট তাহাদের এ বৈঠকে আমন্ত্রণ জানান। তিনি বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর।

প্রেসিডেন্টে সচিবালয়ে অনুষ্ঠিত এ বৈঠকে বিচারপতি সাহাবুদ্দিন আহমদ বলেন, তদন্ত কমিশনের রিপোর্টের সমালোচনা এ ধরণের তদন্তের উদ্দেশ্য ও আওতা সম্পর্কে যথাযথ ধারণার ভিত্তির উপর প্রতিষ্ঠিত নয়।

বিচারপতি সাহাবুদ্দীন আহমদ বলেন, 'এই রিপোর্ট আদালতের কোন রায় নয় এবং কর্তৃপক্ষ এই কমিশন গঠন করিয়া উহার রিপোর্ট গ্রহণ অথবা প্রকাশ করিতে বাধ্য নয়।' তিনি আরও বলেন, তদন্ত সংক্রান্ত কিছু তথ্য উদঘাটন করা এই রিপোর্টের উদ্দেশ্য ছিল।

অস্থায়ী প্রেসিডেন্ট বিশ্ববিদ্যালয়ে বিরাজমান পরিস্থিতিতে গভীর উদ্বেগ প্রকাশ করেন। এ পরিস্থিতির কারণে গত ৭ মাস যাবৎ বিশ্ববিদ্যালয় বন্ধ রহিয়াছে যাহার দরুন ছাত্র ও শিক্ষকদের প্রভূত ক্ষতি হইতেছে। তিনি বলেন, তদন্তের রিপোর্ট এবং স্বীকৃত বাস্তবতায় দেখা যায় যে, ভাইস চ্যান্সেলরের পদত্যাগের দাবী প্রশ্নে শিক্ষকরা সুস্পষ্টভাবে দ্বিধা বিভক্ত, যাহার দরুন গত ২২শে ডিসেম্বর দুইদল ছাত্রের মধ্যে সংঘর্ষ হয়।

বিচারপতি সাহাবুদ্দীন আহমদ বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সম্মানিত পণ্ডিত হিসাবে অভিহিত করিয়া তাহাদের দুই দলের কার্যকলাপ অনুমোদন করিতে পারেন নাই। তিনি বিষয়টিকে প্রধানতঃ দুই দল শিক্ষকের মধ্যকার প্রতিদ্বন্দ্বিতা বলিয়া মনে করেন।

অস্থায়ী প্রেসিডেন্ট শিক্ষকদের উভয় গোষ্ঠিকে পারস্পরিকভাবে তাহাদের মতপার্থক্য নিরসন অবিলম্বে ক্লাস শুরু এবং ইহার মাধ্যমে ক্যাম্পাসে স্বাভাবিক অবস্থা ফিরাইয়া আনার আহ্বান জানান।

তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে ১৫ দিন স্বাভাবিক কাজ-কর্ম চলার পর তিনি সমস্যার স্থায়ী সমাধানের বিষয়টি দেখিবেন। দীর্ঘ আলাপ-আলোচনার পর বৈঠকে উপস্থিত উভয় গোষ্ঠির শিক্ষকগণ অস্থায়ী প্রেসিডেন্টের পরামর্শ অনুসরণ এবং আজ (বুধবার) হইতে ক্লাস শুরু করার প্রতিশ্রুতি দেন। অন্যান্যের মধ্যে শিক্ষা মন্ত্রী অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী উপস্থিত ছিলেন।